

## 💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২১৩. কোন বাড়ি কিংবা জমিন বিক্রির অর্থ একমাত্র বাড়ি কিংবা জমিন কেনা ছাড়া অন্য কোন কাজে লাগানো

সা'ঈদ্ বিন্ 'হুরাইস্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

مَنْ بَاعَ دَارًا أَقْ عَقَارًا ، فَلَمْ يَجْعَلْ ثَمَنَهُ فِيْ مِثْلِهِ ، كَانَ قَمِنًا أَنْ لاَ يُبَارَكَ فِيْهِ

"কেউ কোন বাড়ি বা জমিন বিক্রি করে উহার বিক্রিলব্ধ অর্থ যদি আবারো বাড়ি বা জমিন কেনার কাজে না লাগিয়ে অন্য কোন কাজে লাগায় তা হলে তাতে বরকত না হওয়াই স্বাভাবিক"।[1]

'হুযাইফাহ্ বিন্ ইয়ামা'ন (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

مَنْ بَاعَ دَارًا وَلَمْ يَجْعَلْ ثَمَنَهَا فِيْ مِثْلِهَا ، لَمْ يُبَارَكْ لَهُ فِيْهَا

"কেউ কোন বাড়ি বিক্রি করে উহার বিক্রিলব্ধ অর্থ যদি আবারো বাড়ি কেনার কাজে না লাগিয়ে অন্য কোন কাজে লাগায় তা হলে তাতে কোন বরকত দেয়া হবে না"।[2]

>

## ফুটনোট

- [1] (ইবনু মাজাহ্, হাদীস ২৫৩৫)
- [2] (ইবনু মাজাহ, হাদীস ২৫৩৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11463

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন